তারিখ ............
পৃষ্ঠা ১৪ কলাম ৪

JUL 27

# বিয়ে করার শর্তে শিক্ষক নিয়োগ!

গাইবান্ধা, ২৬ জুলাই, সংবাদদাতা ॥ গাইবান্ধা সদর উপজেলার ফলিয়া বালিকা উচ্চ বিদ্যালয়ের কৃষি শিক্ষক পদে নিয়োগ পরীক্ষায় ১ম স্থান অধিকার করেও অবিবাহিত হওয়ার কারণে নিয়োগ পাচ্ছিলেন না এএম রাসেদ আহম্মেদ।

বিদ্যালয়ের পরিবেশ বিনষ্টের আশঙ্কায় অবিবাহিত শিক্ষককে নিয়োগে বাদ সাধেন বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সদস্য ও শিক্ষকবৃন্দ। পরবর্তী পর্যায়ে গত ২৪ জুলাই গাইবান্ধার অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোঃ জাহাঙ্গীর আলমের অফিস কক্ষে তাঁর উপস্থিতিতে নিয়োগপ্রত্যাশী ঐ শিক্ষক এবং বিদ্যালয়ের শিক্ষক ও ম্যানেজিং কমিটির সদস্যদের মধ্যে একটি লিখিত চুক্তিনামা স্বাক্ষরিত হয়। ঐ চুক্তিনামায় দুই মাসের মধ্যে বিয়ে করার অঙ্গীকার এবং বিদ্যালয়ে অনুদান প্রদানের লিখিত শর্তে তাঁকে কৃষি শিক্ষক পদে নিয়োগ প্রদান করা হয়। চুক্তিপত্রটি যথারীতি প্রতিস্বাক্ষর করেছেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)।